

Public Relations Office  
University of Dhaka  
Dhaka-1000, Bangladesh  
Phone: 8613306  
Fax: 880-2-8615583  
E-mail: [publicrelations@du.ac.bd](mailto:publicrelations@du.ac.bd)  
[du.proffice@gmail.com](mailto:du.proffice@gmail.com)



জনসংযোগ অফিস  
ঢাকা বিশ্ববিদ্যালয়  
ঢাকা- ১০০০, বাংলাদেশ  
ফোন : ৮৬১৩৩০৬

নং-জস/৫১/২০২০-২১

১৮ ভাদ্র ১৪২৭  
২ সেপ্টেম্বর ২০২০

## প্রেস বিজ্ঞপ্তি

একাডেমিক পরিষদের সভা অনুষ্ঠিত  
ঢাবি-এ র্যাগ-ডে নিষিদ্ধ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে আজ ২ সেপ্টেম্বর ২০২০ বুধবার প্রশাসনিক ভবনস্থ অধ্যাপক আব্দুল মতিন চৌধুরী ভারুয়াল ক্লাসরুমে ভারুয়াল প্লাটফর্ম ব্যবহারের মাধ্যমে একাডেমিক কাউন্সিলের এক সভা অনুষ্ঠিত হয়েছে। এতে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, ইনস্টিটিউটের পরিচালকবৃন্দসহ একাডেমিক পরিষদের তিন শতাধিক সদস্য সংযুক্ত ছিলেন।

সভায় ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে কথিত 'র্যাগ-ডে' নামে অমানবিক, নিষ্ঠুর ও নীতিবহির্ভূত উৎসব আয়োজন নিষিদ্ধ করার সিদ্ধান্ত নেয়া হয়। এছাড়া, বিশ্ববিদ্যালয়ের প্রতিটি অনুষদে 'ইথিক্যাল রিভিউ কমিটি' গঠন করার সুপারিশ করা হয়।

সভায় অনুষদ/বিভাগ/ইনস্টিটিউটকে স্বাস্থ্যবিধি অনুসরণ করে সমন্বিতভাবে অসমাপ্ত পরীক্ষাসমূহ গ্রহণ ও চূড়ান্ত ফলাফল প্রকাশের অনুমোদন দেয়া হয়। বিশ্ববিদ্যালয়ের শতবর্ষপূর্তি ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে মৌলিক গবেষণা প্রকল্প গ্রহণ ও গবেষণাধর্মী প্রকাশনার উপর গুরুত্বারোপ করা হয়।

(মাহমুদ আলম)  
পরিচালক  
জনসংযোগ দফতর  
ঢাকা বিশ্ববিদ্যালয়